


দৈনিক প্রকল্প



30 2002

## বিশ্ববিদ্যালয় খুলে না দিলে সুষ্ঠু তদন্ত সম্ভব নয়

স্টাফ রিপোর্টার ৯। শামসুন্নাহার হলে ছাত্রী নির্যাতন ঘটনার বিচার বিভাগীয় তদন্তের স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার পরামর্শ দেয়া হবে। বিশেষ করে শামসুন্নাহার হলে খুলে না দিলে সুষ্ঠু তদন্ত সম্ভব নয় বলে মনে করছে কমিশন। এই পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় খুলে দেবার সুপারিশ রাখতে যাচ্ছে বিচার বিভাগীয় তদন্ত কমিশন। কমিশনের সদস্য সচিব একশে টেলিভিশনকে দেয়া এক সাক্ষাতকারে এ কথা জানান।

বিচার বিভাগীয় তদন্ত কমিশন সোমবার ঢাকা কলেজসংলগ্ন নায়েমে খোলা অস্থায়ী কার্যালয়ে কাজ শুরু করেছে। গতকাল বেশকিছু ছাত্রছাত্রী কমিশনের কাছে সাক্ষ্য প্রদানের জন্য নাম তালিকাভুক্ত করতে যান। আগামী পহেলা আগস্ট থেকে কমিশনের প্রধান ও সুপ্রীমকোর্টের বিচারপতি তোফাজ্জল ইসলাম এখানে বসবেন।